



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনলাইন পরীক্ষার জন্য প্রয়োজনীয় নির্দেশনা

1. পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য অবশ্যই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার বিজ্ঞপ্তি মোতাবেক ফর্ম পূরণ সম্পন্ন করতে হবে।
2. প্রতিটি তত্ত্বীয় কোর্সের জন্য ৩৫ নম্বরের অনলাইন লিখিত পরীক্ষার সময় হবে ১ ঘন্টা ৩০ মিনিট।
3. প্রতিটি তত্ত্বীয় কোর্সের জন্য ৩৫ নম্বরের অনলাইন মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।
4. পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে কভার পেইজ ডাউনলোড করে নিজ দায়িত্বে অবশ্যই প্রিন্ট করবে। যতগুলো কোর্সের পরীক্ষা অনলাইনে অনুষ্ঠিত হবে ততগুলো কভার পেজ প্রয়োজন পড়বে। কভার পেজ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে। উত্তর লেখার জন্য A4 সাইজের পেইজের শীর্ষে স্টুডেন্ট রোল নম্বর ও পৃষ্ঠা নম্বর লিখে প্রতি কোর্সের জন্য কমপক্ষে ৩০ টি পেজ প্রস্তুত রাখবে। প্রতিটি পাতার একপাশে উত্তর লিখতে হবে এবং অপর পাশ ফাকা থাকবে। পরীক্ষা শেষে উত্তরপত্র স্ক্যান করার সময় কভার পেইজ টিকে প্রথমে অন্তর্ভুক্ত করতে হবে এবং পৃষ্ঠা নম্বর অনুযায়ী স্ক্যান করতে হবে।
5. প্রত্যেক পরীক্ষার্থীর একটি জিমেইল একাউন্ট অথবা বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল কর্তৃক সরবাহকৃত একটি ওয়েবমেইল একাউন্ট থাকতে হবে এবং এই জিমেইল/ওয়েবমেইল একাউন্ট অবশ্যই বিভাগীয় অফিসের তালিকাভুক্ত হতে হবে। এই জিমেইল/ওয়েবমেইল একাউন্ট ব্যবহার করেই পরীক্ষা সংক্রান্ত কমিটি Google Classroom এর সংশ্লিষ্ট ক্লাসে পরীক্ষার্থীদের-কে সংযুক্ত করবেন।
6. পরীক্ষার প্রস্তুতির জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে Zoom Platform এ যুক্ত হতে হবে। Zoom Platform এ যুক্ত হওয়ার সময় পরীক্ষার্থীদের অবশ্যই স্টুডেন্ট রোল ও ফুল একাডেমিক নেম দিয়ে প্রবেশ করতে হবে, যেমনঃ Student Roll Student Name। পরীক্ষা শুরুর কমপক্ষে ২০ মিনিট পূর্বে পরীক্ষা কমিটি গুগল ক্লাসরুমের স্ট্রিমে জুমের আইডি পাসওয়ার্ড এবং জরুরি প্রয়োজনে যোগাযোগ করার জন্য প্রয়োজনীয় সংখ্যক মোবাইল নম্বর পরীক্ষার্থীদের সঙ্গে শেয়ার করবেন।
7. পরীক্ষার্থীদেরকে Zoom-এ ভিডিও সচল রেখে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বৈদ্যুতিক গোলযোগ, নেটওয়ার্ক জনিত সমস্যা অথবা অন্যকোন কারণে কোন পরীক্ষার্থী Zoom Platform থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে অনধিক ১০ মিনিট এর মধ্যে কর্তব্যরত সুপারভাইজরগণের যেকোন একজনকে মোবাইলে কল করে জানাতে হবে।
8. উত্তরপত্র লেখার সময় শেষে সর্বোচ্চ ২০ মিনিট দেওয়া হবে শুধুমাত্র উত্তরপত্রের সকল পৃষ্ঠার ছবি তুলে কম্বাইন্ড পিডিএফ (Combined pdf) করে Google Classroom এ আপলোড করার জন্য। একটি মাত্র কম্বাইন্ড পিডিএফ ফাইল আপলোড করা যাবে। তাই সর্বক হয়ে প্রথমে পূরণকৃত কভার পেজ, তারপর উত্তরপত্রের সকল পৃষ্ঠা, পৃষ্ঠা নম্বরের ধারাবাহিকতা বজায় রেখে স্ক্যান করতে হবে। স্ক্যান সম্পন্ন হলে পরীক্ষার্থীকে অবশ্যই নির্দিষ্ট তারিখের পরীক্ষার কোর্স কোড ও স্টুডেন্ট রোল যেমন ICE-4201_160601 দিয়ে পিডিএফ ফাইলটির নামকরণ করতে হবে। উত্তরপত্র স্ক্যান করার জন্য CamScanner বা অনুরূপ অ্যাপ ব্যবহার করা যেতে পারে।
9. উত্তরপত্র জমা দেয়া নিশ্চিত করার জন্য একজন পরীক্ষার্থীকে Google Classroom এ অবশ্যই Turn in/Hand in করতে হবে। উত্তরপত্র জমা দেয়ার পরেই কেবল একজন পরীক্ষার্থী জুম প্লাটফর্ম ত্যাগ করতে পারবে।
10. কারিগরি ত্রুটিজনিত কারণে উত্তরপত্র Google Classroom এ আপলোড করতে ব্যর্থ হলেই কেবলমাত্র কর্তব্যরত ইনভিজিলেটর-কে ই-মেইলে উত্তরপত্র জমাদানের অনুরোধ করতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনলাইন পরীক্ষার জন্য প্রয়োজনীয় নির্দেশনা

11. উত্তরপত্র আপলোড সহজীকরণের জন্য পরীক্ষার্থীদের অবশ্যই তাদের এনড্রয়েড মোবাইলে পরীক্ষার জন্য ব্যবহৃত জিমেইল/ওয়েবমেইল একাউন্ট দিয়ে লগইন করতে হবে, এবং মোবাইলের স্পেস/মেমোরি যথাসম্ভব ফাঁকা রাখতে হবে যেন পরীক্ষার উত্তরপত্রের পিডিএফটি সহজেই খুঁজে পাওয়া যায়। এক্ষেত্রে Google classroom অ্যাপ ব্যবহার করা যেতে পারে।
12. পরীক্ষায় অংশগ্রহণের জন্য পূর্ব থেকেই মোবাইল /ল্যাপটপ এর চার্জ করে রাখতে হবে এবং পর্যাপ্ত মোবাইল ডাটাও রাখতে হবে।
13. তত্ত্বীয় কোর্সের ভিডিও মনিটরিং করার জন্য এবং কোর্স ভাইবা/ মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য যুম প্লাটফর্ম অথবা অন্য কোনো অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে নেওয়া যাবে।
14. পরীক্ষা চলাকালীন সময়ে নকল অথবা কোন অসদুপায় অবলম্বন প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে অনুসারে শাস্তির বিধান প্রযোজ্য হবে।
15. তত্ত্বীয় পরীক্ষাসমূহ অনলাইনে সম্পন্ন হওয়ার পর যেসব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা অনলাইনে নেওয়া সম্ভব তা পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অনলাইনে নেওয়া যাবে। আর যেসব বিষয়ের ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা অনলাইনে নেওয়া সম্ভব না তা সুবিধাজনক সময়ে বিভাগীয় একাডেমিক কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে ইন-পার্সন সম্পন্ন করতে হবে।
16. কোনো পরীক্ষার্থী যদি অনলাইনে এক বা একাধিক কোর্সের পরীক্ষায় অনুপস্থিত থাকে অথবা অকৃতকার্য হয়, সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান বিধি অনুযায়ী পরবর্তী প্রযোজ্য লেভেলের পরীক্ষার্থীদের সাথে সংশ্লিষ্ট সেমিস্টারে তার পরীক্ষা গ্রহণ করা হবে।
17. এই নির্দেশনাটি “Supplementary Ordinance during Pandemic Period for Online Examination - Annexure-1” এর আলোকে প্রস্তুতকৃত।



(মো. আনোয়ার হোসেন)
পরিচালক, আইসিটি সেল
ও

সদস্য
অনলাইন পরীক্ষা গ্রহণের নীতিমালা প্রণয়ন কমিটি
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
তারিখ: ১৮.০৮.২০২১